## ডিসেম্বর/২০২৩ মাসের উপজেলা আইসিটি কমিটির মাসিক সভার কার্যবিবরণীঃ

বিষয় : উপজেলা আইসিটি কমিটির ডিসেম্বর/২৩ খ্রিস্টাব্দ মাসের সভার কার্যবিবরণী
তারিখ : ২৭ ডিসেম্বর, ২০২৩ খ্রিস্টাব্দ
সময় : দুপুর ১২:৩০ টা
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ,সাঁথিয়া,পাবনা
সভাপতি : জনাব মোসাঃ আলপনা ইয়াসমিন, উপজেলা নির্বাহী অফিসার, সাঁথিয়া, পাবনা

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর উপজেলার আইসিটি কার্যক্রমকে আরও গতিশীল ও কার্যকর করার জন্য সভায় নিম্নলিখিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | স্মার্ট বাংলাদেশ | স্মার্ট বংলাদেশ গঠনের সরকারের বিভিন্ন দিক নির্দেশনা বিষয়ে আলোকপাত করা হয়। | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সাঁথিয়া, পাবনা কে প্রয়োজনীয় সহযোগীতা প্রদানের অনুরোধ করা হয়। | উপজেলা আইসিটি কমিটি, সংশ্লিষ্ট ব্যক্তি এবং সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সাঁথিয়া, পাবনা। |
| ০২ | তথ্য বাতায়নসমূহ হালনাগাদকরণ | উপজেলা ও ইউনিয়ন ওয়েব পোর্টাল তথ্যবহুল এবং সর্বদা হাল-নাগাদ রাখা একটি চলমান প্রক্রিয়া। বাতায়নসমূহ (বাংলা ও ইংরেজি ভার্ষন) শতভাগ হাল-নাগাদ রাখার জন্য সকলের সহযোগিতা কামনা করা হয়। | উপজেলার সকল দপ্তর তাদের স্ব স্ব ওয়েব পোর্টালের তথ্যাদি (বাংলা ও ইংরেজি ভার্ষন) নিয়মিতভাবে হালনাগাদ করবে। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সাঁথিয়া, পাবনা কে প্রয়োজনীয় কারিগরি সহযোগীতা প্রদানের অনুরোধ করা হয়। | উপজেলার সকল দপ্তর প্রধান এবং সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সাঁথিয়া, পাবনা। |
| ০৩ | ডি-নথি বাস্তবায়ন | সাঁথিয়া, পাবনা উপজেলায় উপজেলা নির্বাহী অফিসারের দপ্তরসহ অন্যান্য দপ্তরে ডি-নথি কার্যক্রম চালু আছে। ডি-নথি কার্যক্রমের রিপোর্ট নিয়মিত প্রদান করা হয় এবং প্রতিনিয়ত র‍্যাংকিং প্রকাশ করা হয়। | ম্যানুয়াল নথির পরিবর্তে ডি-নথি কার্যক্রমকে অগ্রাধিকার প্রদান করতে হবে এবং কোনো নথি অনিষ্পন্ন রাখা যাবে না। এ বিষয়ে প্রয়োজনীয় সহায়তা প্রদানের জন্য সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সাঁথিয়া, পাবনা কে অনুরোধ করা হয়। | ডি-নথির সাথে সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/ কর্মচারী এবং সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সাঁথিয়া, পাবনা (কারিগরি সহযোগীতা প্রদানের জন্য)। |
| ০৪ | ইউনিয়ন ডিজিটাল সেন্টারসমূহ নিয়মিত মনিটরিংকরণ | ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণ নিয়মিত সেবা প্রদান করছেন কিনা এবং তাদের আয়ের রিপোর্ট একসেবা সিস্টেমে নিয়মিত প্রদান করছে কিনা তা নিয়মিত মনিটরিং করা প্রয়োজন। | ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণ নিয়মিত সেবা প্রদান করছেন কিনা এবং তাদের আয়ের রিপোর্ট একসেবা সিস্টেমে নিয়মিত প্রদর্শন করছে কিনা তা নিয়মিত মনিটরিং করার জন্য সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সাঁথিয়া, পাবনা কে অনুরোধ করা হয় । | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সাঁথিয়া, পাবনা। |
| ০৫ | শেখ রাসেল ডিজিটাল ল্যাব ও শেখ রাসেল ডিজিটাল ক্লাসরুম পরিদর্শন | অত্র উপজেলার ১৯ (উনিশ) টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব আছে। ল্যাবসমূহ যথাযথ ভাবে ব্যবহার করা হচ্ছে কিনা তা প্রতি মাসে পরিদর্শন ও মনিটরিং করা প্রয়োজন। | শেখ রাসেল ডিজিটাল ল্যাবসমূহ ও ক্লাসরুম যথাযথ ভাবে ব্যবহার করা হচ্ছে কিনা তা প্রতি মাসে পরিদর্শন ও মনিটরিং করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সাঁথিয়া, পাবনা ও সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সাঁথিয়া, পাবনা কে সভার পক্ষ থেকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এবং সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সাঁথিয়া, পাবনা । |

৫

| | | | | |
|---|---|---|---|---|
| ০৬ | মাল্টিমিডিয়া ক্লাশরুম কার্যক্রম মনিটরিং | অত্র উপজেলার প্রায় সকল বিদ্যালয়ে মাল্টিমিডিয়া ক্লাসরুম কার্যক্রম চালু আছে। প্রত্যেকটি বিদ্যালয়ের মাল্টিমিডিয়া ক্লাস এর রিপোর্ট ড্যাশবোর্ডে নিয়মিত আপলোড নিশ্চিত করতে হবে। | বিদ্যালয়গুলোতে নিয়মিত মাল্টিমিডিয়া ক্লাশের মাধ্যমে পাঠদান হয় কিনা সেটা মনিটরিং করার সাথে সাথে ড্যাশবোর্ডে রিপোর্ট দিচ্ছে কিনা তা প্রতি মাসে মনিটরিং করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সাঁথিয়া, পাবনা ও সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সাঁথিয়া, পাবনা কে সভার পক্ষ থেকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সাঁথিয়া, পাবনা ও সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সাঁথিয়া, পাবনা |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মাননীয় প্রধানমন্ত্রীর স্মার্ট বাংলাদেশ গড়ার প্রতিশ্রুতি বাস্তবায়নের লক্ষ্যে আইসিটির বিকাশ ও উন্নয়ন কার্যক্রমে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন এবং উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোসাঃ আলপনা ইয়াসমিন)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইসিটি বিষয়ক কমিটি
সাঁথিয়া, পাবনা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়
সাঁথিয়া, পাবনা
www.doict.santhia.pabna.gov.bd

স্মারক নং- ৫৬.০৪.৭৬৭২.০০০.২৯.০০১.১৯-৪৬

তারিখ : ১২ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
২৭ ডিসেম্বর ২০২৩ খ্রিঃ

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। জেলা প্রশাসক, পাবনা ।
২। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), পাবনা।
৩। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, পাবনা
৪। ........................................................ সাঁথিয়া, পাবনা ।
৫। উপজেলা........................................................অফিসার, সাঁথিয়া, পাবনা ।
৬। অধ্যক্ষ/ প্রধান শিক্ষক........................ ................ অফিসার, সাঁথিয়া, পাবনা ।
৭। ইউপি সচিব / উদ্যোক্তা (সকল)।
৮। অফিস কপি ।

২৭/১২/২০২৩

(তপু কুমার দেবনাথ)
সহকারী প্রোগ্রামার
ও
সদস্য সচিব
উপজেলা আইসিটি বিষয়ক কমিটি
সাঁথিয়া,পাবনা।